বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

www.bscic.gov.bd

স্মারক নং-৩৬.০২.০০০০.০০৩.১১.০১৭.১৯/ ১৯০১

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৬ / ২১ আগস্ট ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর রাজস্বখাতের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে অনলাইন-এ আবেদন আহবান করা যাচ্ছে:

ক্র.	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
০১	০২	০৩	০৪	০৫	০৬
১.	মহাব্যবস্থাপক Genral Manager (গ্রেড-৩) টা: (৫৬৫০০-৭৪৪০০)	০২	অনূর্ধ্ব ৪৫ বছর	যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ/ডিপ্লোমা অথবা পি.এইচ.ডি. ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। **অভিজ্ঞতা:** উপ-মহাব্যবস্থাপক অথবা তৎসম পদে ৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ কোন সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত /আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা কাজে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **ব্যতিক্রম:** পি.এইচ.ডি. ডিগ্রিধারীদের ক্ষেত্রে অভিজ্ঞতা ০৩ (তিন) বছর পর্যন্ত শিথিল করা যেতে পারে।	-
২.	আঞ্চলিক পরিচালক Regional Director (গ্রেড-৩) টা: (৫৬৫০০-৭৪৪০০)	০১	অনূর্ধ্ব ৪৫ বছর	যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ/ডিপ্লোমা অথবা পি.এইচ.ডি. ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। **অভিজ্ঞতা:** উপ-মহাব্যবস্থাপক অথবা তৎসম পদে ৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ কোন সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত /আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা কাজে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **ব্যতিক্রম:** পি.এইচ.ডি. ডিগ্রিধারীদের ক্ষেত্রে অভিজ্ঞতা ০৩ (তিন) বছর পর্যন্ত শিথিল করা যেতে পারে।	
৩.	প্রধান নকশাবিদ Chief Designer(গ্রেড-৪) টা: (৫০০০০-৭১২০০)	০১	অনূর্ধ্ব ৪২ বছর	ফাইন আর্টসে কমপক্ষে ২য় শ্রেণির বি.এফ.এ. ডিগ্রী থাকতে হবে। মাষ্টার ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার দেওয়া যাবে। সংশ্লিষ্ট কাজে মোট ১২(বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	
৪.	উপ-নিয়ন্ত্রক Deputy Controller (গ্রেড-৫) টা: (৪৩০০০-৬৯৮৫০)	০১	অনূর্ধ্ব ৪০ বছর	২য় শ্রেণীর এম,কম (হিসাব বিজ্ঞান/ফাইন্যান্স)/২য় শ্রেণির এম,বি,এ (প্রধান বিষয় হিসাব বিজ্ঞান) পাস হতে হবে। **অভিজ্ঞতা:** সরকারি / স্বায়ত্বশাসিত / সেক্টর করপোরেশন/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে ফাইন্যান্স/বাজেট/হিসাব কাজে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।	
৫.	উপ-প্রধান প্রকৌশলী Deputy Chief Engineer (গ্রেড-৫) টা: (৪৩০০০-৬৯৮৫০)	০১	অনূর্ধ্ব ৪০ বছর	২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রি থাকতে হবে। সরকারি/স্বায়ত্তশাসিত/সেক্টর করপোরেশন এর নির্বাহী প্রকৌশলী অথবা সমপদে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে মোট ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	
৬.	সম্প্রসারণ কর্মকর্তা Extension Officer (গ্রেড-৯) টা: (২২০০০-৫৩০৬০)	২৭	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা ৪(চার) বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে।	
৭.	হিসাবরক্ষণ কর্মকর্তা Accounts Officer (গ্রেড-৯) টা: (২২০০০-৫৩০৬০)	০৫	অনূর্ধ্ব ৩০ বছর	হিসাব বিজ্ঞান/ব্যাংকিং/ফাইন্যান্স/ব্যবসা প্রশাসন/অর্থনীতি/ পরিসংখ্যান বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ৪(চার) বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি থাকতে হবে।	
৮.	শিল্পনগরী কর্মকর্তা Industrial Estate Officer (গ্রেড-৯) টা: (২২০০০-৫৩০৬০)	০৪	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে।	
৯.	মনিটরিং কর্মকর্তা Monitoring Officer (গ্রেড-৯) টা: (২২০০০-৫৩০৬০)	০২	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা ৪(চার) বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে।	
১০.	প্রশিক্ষণ কর্মকর্তা Training Officer (গ্রেড-৯) টা: (২২০০০-৫৩০৬০)	০১	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা ৪(চার) বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে।	
১১.	এনালিস্ট Analyst (গ্রেড-৯) টা: (২২০০০-৫৩০৬০)	০১	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা ৪(চার) বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে।	
১২.	প্রযুক্তি কর্মকর্তা Technology Officer (গ্রেড-৯) টা: (২২০০০-৫৩০৬০)	০১	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা ৪(চার) বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে।	
১৩.	কর্মীব্যবস্থাপনা কর্মকর্তা Personnel Officer (গ্রেড-৯) টা: (২২০০০-৫৩০৬০)	০১	অনূর্ধ্ব ৩০ বছর।	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা ৪(চার) বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে।	
১৪.	মূল্যায়ন কর্মকর্তা	০২	অনূর্ধ্ব	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির	

শর্তাবলি :	
০১।	বিসিকের চাকুরি প্রবিধানমালা, ১৯৮৯ ও শূন্য পদ পূরণ সংক্রান্ত সরকারি বিধি-বিধান এবং আনুষ্ঠানিকতা অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
০২।	উপরোল্লিখিত কলাম ০৫ এ প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার Equivalent GPA/CGPA গ্রহণযোগ্য হবে। অধিকন্তু, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত অন্যান্য বিধিবিধান প্রতিপালন করা হবে।
০৩।	**বয়স (০২-০৯-২০১৯ খ্রিঃ তারিখে):** ক) ১ নং হতে ২৭ নং ক্রমিকের পদসমূহের জন্য কলাম-৪ এ উল্লিখিত বয়সসীমা প্রযোজ্য হবে। খ) ২৮ নং হতে ৫৪ নং ক্রমিকের পদসমূহের জন্য সাধারণ প্রার্থী/মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে আবেদনের বয়সসীমা ১৮-৩০ বছর। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের বয়সসীমা ১৮-৩২ বছর।
০৪।	**জাতীয়তা:** ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। লিঙ্গ নির্বিশেষে বাংলাদেশের যে কোন নাগরিক আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন। খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন। গ) কোন প্রার্থী সরকারের অনুমতি সাপেক্ষে বিদেশি নাগরিককে বিবাহ করলে সরকার কর্তৃক প্রদত্ত বিবাহের অনুমতিপত্রের অনুলিপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) Applicant's Copy-এর সঙ্গে বিসিক প্রধান কার্যালয়ে অবশ্যই জমাদান করতে হবে।
০৫।	**ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং বিসিক কর্তৃক গৃহীতব্য যে কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। Applicant's Copy-এ প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী প্রার্থী লিখিত পরীক্ষার জন্য http://bscic.teletalk.com.bd থেকে ডাউনলোড করে প্রবেশপত্র গ্রহণ করবেন। পরবর্তীতে, উপরোল্লিখিত কোনরূপ অযোগ্যতা/দুর্নীতি প্রমাণিত হলে সাময়িকভাবে প্রাপ্ত প্রবেশপত্র ও প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে অনলাইন আবেদনপত্রে (Applicant's Copy) প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর বিসিক কর্তৃক নির্ধারিত সময়ে এই বিজ্ঞাপনের ০৭ (সাত) নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী অনলাইনে পূরণকৃত Applicant's Copy এর অনুলিপিসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি সচিব, বিসিক, বিসিক ভবন, ১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করতে হবে। কোন প্রার্থী অনলাইনে Applicant's Copy এ প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ যথাযথ সনদ/প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে বা কোন পদের জন্য নির্ধারিত যোগ্যতা না থাকলে বা আবেদনপত্র ভুলভাবে পূরণ করলে বা কোন অযোগ্যতা বা কোন Substantive ত্রুটি ধরা পড়লে যেকোন পর্যায়ে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

০৬। **আবেদন করার পদ্ধতি :**

ক) আগ্রহী প্রার্থীগণ http://bscic.teletalk.com.bd এ আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ০২/০৯/২০১৯ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।

ii. Online- এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ০১/১০/২০১৯ খ্রি. সন্ধ্যা ০৬.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online- এ আবদেনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে; নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's copy প্রিন্ট বা ডাউনলোড করে পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। Applicant's copy তে প্রাপ্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ হতে ২৫ ক্রমিকে উল্লিখিত পদসমূহের জন্য ৭০০/- (সাতশত) টাকা, ২৬ হতে ৪৪ ক্রমিকে উল্লিখিত পদসমূহের জন্য ৬০০/- (ছয়শত) টাকা ও ৪৫ হতে ৫৪ ক্রমিকে উল্লিখিত পদসমূহের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online- এ আবেদনপত্র কোনভাবেই গৃহীত হবে না।

ফি জমা দেয়ার পদ্ধতি:

প্রথম SMS: BSCIC<space>User ID & send to16222

Example: BSCIC ABCDEF & send to16222

Reply: Applicant's Name, TK 700/600/500 will be charged as application fee. Your PIN is 1234567. To pay fee type 700/600/500 <space>Yes<space>PIN & send to 16222

দ্বিতীয় SMS: BSCIC<space>Yes<space>PIN & send to16222

Example: BSCIC YES 12345678 & send to16222

Reply: Congratulations! Applicant's Name, Payment Completed sucessfully for XXXX. Your User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

উল্লেখ্য, ফি প্রদানের পর প্রার্থী আবেদনপত্রে প্রদত্ত তার নিজস্ব মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে User ID ও Password পাবেন।

ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bscic.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। উল্লেখ্য, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে।

Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

চ) SMS এর মাধ্যমে প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ) শুধু Teletalk Prepaid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত পদ্ধতিতে SMS এর মাধ্যমে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

For lost password:

i. USER ID জানা থাকলে BSCIC<space>Help<space>User<space>User ID & send to 16222

Example: BSCIC HELP USER ABCDEF & send to 16222

ii.PIN Number জানা থাকলে BSCIC<space>Help<space>PIN<space>PIN No & send to 16222

Example: BSCIC HELP PIN 12345678 & send to 16222

জ) বিসিক নিয়োগ পরীক্ষা-২০১৯ এর বিজ্ঞপ্তি, Online- এ আবেদনপত্র পূরণের নিয়মাবলি, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি www.bscic.gov.bd এ পাওয়া যাবে।

ঝ) প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদি বিসিক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সচিব, বিসিক, বিসিক ভবন, ১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করতে হবে। দাখিলকৃত কাগজপত্রাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য SMS প্রেরণ করা হবে।

ঞ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। কেবল মাস্টার ডিগ্রির ক্ষেত্রে মূল/সাময়িক সনদের সত্যায়িত কপির স্থলে মূল নম্বরপত্রের সত্যায়িত কপি এ শর্তে গ্রহণ করা হবে যে, মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই মূল/সাময়িক সনদ দাখিল করতে হবে।

ট) বয়স প্রমাণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের সনদ দাখিল করতে হবে এবং 'ও' লেভেল এবং 'এ' লেভেল সম্পন্ন করা প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ দাখিল করতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

ঠ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত সংস্থাসহ বেসরকারি ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৭ (সাত) নং ক্রমিকে উল্লিখিত কাগজপত্রাদি তাদের স্ব-স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, বিসিক, বিসিক ভবন, ১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করতে হবে।

০৭। **কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নলিখিত কাগজপত্র (মূল ও সত্যায়িত কপি-০১ সেট) মৌখিক পরীক্ষার সময় দাখিল করবেন:**

(ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাম্প্রতিক তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।